

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম জুন/২০২২ইং মাসে অনুষ্ঠিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

সভার তারিখ ও সময় : ২৬/০৬/২০২২খ্রিঃ সকাল- ১১.০০ ঘটিকা। সভার স্থান : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তন, রাঙ্গুনিয়া।

সভার উপস্থিত সদস্যবৃন্দের নাম :

- | | |
|--|---------------|
| ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম | - সভাপতি। |
| ২। চেয়ারম্যান, চন্দ্রঘোনা ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম | - সদস্য। |
| ৩। চেয়ারম্যান, পারুয়া ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম | - সদস্য। |
| ৪। চেয়ারম্যান, বেতাগী ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম | - সদস্য। |
| ৫। প্রধান শিক্ষক, মরিয়ম নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, রাঙ্গুনিয়া, | - সদস্য। |
| ৬। মোঃ রাসেল চৌধুরী, সমাজ সেবক, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম | - সদস্য। |
| ৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম | - সদস্য সচিব। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	বিষয়	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত/বাস্তবায়ন
১।	বিভিন্ন ইউনিয়নে ওয়ার্ড পর্যায়ে অবস্থিত কমিউনিটি ক্লিনিক সমূহের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত	উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভাপতি মহোদয়ের উপস্থিতিতে আলোচনায় কমিটির সদস্য সচিব রাঙ্গুনিয়া উপজেলায় ৪১(একচল্লিশ)টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে খুবই ঝুঁকিপূর্ণ ১০(দশ)টি কমিউনিটি ক্লিনিক মেরামত/সংস্কার এর বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ঝুঁকিপূর্ণ ১০(দশ)টি কমিউনিটি ক্লিনিক মেরামত/সংস্কারের উপর গুরুত্ব আরোপ করেন। উপরোক্ত সমস্যা নিরসন কল্পে স্থানীয় প্রশাসনের সহযোগিতা কামনাসহ উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অবহিত করনের দৃষ্টি আকর্ষণ করেন। বর্ণিত সমস্যা নিরসনে উপস্থিত সকল সদস্যবৃন্দ বিষয়টি সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের একমত পোষণ করেন।	রাঙ্গুনিয়া উপজেলায় ৪১(একচল্লিশ)টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে খুবই ঝুঁকিপূর্ণ ১০(দশ)টি কমিউনিটি ক্লিনিক মেরামত/সংস্কারের বিষয়টি জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অবহিত করনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া।

তারিখ- ২৬/০৬/২০২২ইং।

স্মারক নং- উপঃস্বাঃকমঃ/রাঙ্গু/চট্ট/২০২২/২০৪৯/৭(৩)

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

৩। জনাব

৪। অফিস কপি।

স্বাক্ষরিত/-
২৬.০৬.২০২২

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

ও

সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া।

২৬/৬/২২